

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১০- ২০২২

তারিখঃ ২০.০৯.২০১১

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ আহমেদুর রহমান (৪৪০৬৬), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমলা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৮.০৮.২০১০ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১০-৮০২ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে “চাকুরী হতে বরখাস্ত” (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩)(ডি) বিধি মোতাবেক সরকারী “চাকুরী হতে বরখাস্ত” (Dismissal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাতা

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ আহমেদুর রহমান (৪৪০৬৬)

প্রাক্তন মেডিকেল অফিসার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া

(যোগাযোগঃ- মধ্যপাড়া, বসাকপাড়া, ব্রাহ্মনবাড়ীয়া সদর, ব্রাহ্মনবাড়ীয়া)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১০- ২০২২/২৩

তারিখঃ ২০.০৯.২০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিমুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(সোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisel@mohfw.gov.bd